



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৫৫১

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৮

০৯ জুন ২০২১

বিষয়: চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য ডিআরটিসির মাধ্যমে ৫০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ ও আতপ চালের চলাচলসূচির অনুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৭/০৬/২০২১ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২১০.৪৪.০১২.২০-১৫১৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাগড়াছড়ি জেলার কতিপয় এলএসডিতে ইপি, ওপি, ভিজিডি, জেএসএস, ভারত প্রত্যাগতম শরণার্থী, গুচ্ছগ্রাম ইত্যাদি খাতে জুন ২০২১ মাসে বিতরণের লক্ষ্যে আমদানিকৃত ২০০ মে.টন সিদ্ধ চাল ও ৩০০ মে.টন আতপ চালসহ মোট ৫০০ মে.টন আমদানিকৃত চাল প্রেরণের অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে খাগড়াছড়ি জেলার কতিপয় এলএসডিতে ইপি, ওপি, ভিজিডি, জেএসএস, ভারত প্রত্যাগতম শরণার্থী, গুচ্ছগ্রাম ইত্যাদি খাতে জুন ২০২১ মাসে বিতরণের লক্ষ্যে হালিশহর সিএসডি হতে ১০০ মে.টন সিদ্ধ চাল ও ১৫০ মে.টন আতপ চাল এবং দেওয়ানহাট সিএসডি হতে ১০০ মে.টন সিদ্ধ চাল ও ১৫০ মে.টন আতপ চাল সহ মোট ৫০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ ও আতপ চাল ওয়ারেন্টি অনুযায়ী ডিআরটিসি'র মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদনের প্রস্তাব অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

সারণি-১ : চট্টগ্রাম বিভাগে আমদানিকৃত সিদ্ধ ও আতপ চালের চলাচল সূচির অনুমোদন

ক্র.নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	হালিশহর সিএসডি	খাগড়াছড়ি	তবলছড়ি এলএসডি	১০০	আমদানিকৃত সিদ্ধ চাল	সড়ক পথ	
২.	ঐ	দেওয়ানহাট সিএসডি	ঐ	রামগড় এলএসডি	১০০	ঐ	ঐ	
৩.	ঐ	হালিশহর সিএসডি	ঐ	তবলছড়ি এলএসডি	১৫০	আমদানিকৃত আতপ চাল	ঐ	
৪.	ঐ	দেওয়ানহাট সিএসডি	ঐ	ঐ	১৫০	ঐ	ঐ	
				মোট =	৫০০			

নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্কেপিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৯-৬-২০২১

মোঃ ফজলে রাস্কী হায়দার

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৫৫১/১(১০)

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪২৮

০৯ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর

- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম
৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি, চট্টগ্রাম
১০) ব্যবস্থাপক, দেওয়ানহাট/হালিশহর, সিএসডি, চট্টগ্রাম



৯-৬-২০২১

মোঃ ফজলে রাকী হায়দার
উপ-পরিচালক